

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম
সচিব
সভার তারিখ : ১৯-০২-২০১৯ খ্রি.
সভার সময় : বিকাল ৪.০০ টা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশ করা হয়েছে

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট)কে অনুরোধ করেন। জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-১ এর আলোকে স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট অনুবিভাগ থেকে গৃহীত কার্যক্রম সংক্ষেপে উল্লেখপূর্বক বাজেট ওয়ার্কিং গ্রুপের ০৯.০১.২০১৯খ্রি. তারিখের সভায় গৃহীত সুপারিশমালা উপস্থাপন করেন। তিনি মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ অনুমোদনের বিষয় উপস্থাপন করেন। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরের সম্ভাব্য ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের প্রক্ষেপণ অনুমোদনসহ বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ সংশোধন ও হালনাগাদকরণের বিষয় বিস্তারিত আলোচনা করেন।

২। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদনের বিষয়ে কারও কোন প্রস্তাব আছে কি না জানতে চান। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান, ২০১৯-২০ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা প্রস্তাবিত লক্ষ্যমাত্রার চেয়ে বেশী হতে পারে। বিস্তারিত আলোচনা শেষে রাজস্ব প্রাপ্তি এবং সম্ভাব্য ব্যয়সীমার বিষয়ে কারো কোন সংশোধন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩। অর্থ বিভাগের উপসচিব জনাব মোঃ আবদুস ছামাদ সচিবালয়ের কোডে এমএসআর, যন্ত্রপাতি মেরামত এবং যন্ত্রপাতি ক্রয়ের খাতে অর্থ না রাখার পরামর্শ দেন। তিনি বলেন যে, যন্ত্রপাতি এবং এমএসআর ব্যবহারকারী সংশ্লিষ্ট অফিসের অনুকূলে বরাদ্দ রাখা সমীচীন। এ বরাদ্দ মূল বাজেট বইয়ে স্ব স্ব প্রতিষ্ঠানের অনুকূলে সংশ্লিষ্ট কোডে এন্ট্রি দেওয়ার জন্য তিনি পরামর্শ দেন।

৪। বেগম জাকিয়া সুলতানা, অতিরিক্ত সচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) সভাকে জানান যে, সচিবালয়ের কোডে বরাদ্দকৃত এমএসআর, যন্ত্রপাতি মেরামত এবং যন্ত্রপাতি ক্রয়ের টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বাস্তব চাহিদার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হয়। বর্ণিত খাতে বরাদ্দ প্রদানের যৌক্তিকতা আছে মর্মে মত প্রকাশ করলে সচিব মহোদয়ও এ বিষয়ে সম্মতি প্রদান করেন।

৫। জনাব মোঃ আব্দুল গফুর, (পরিচালক (অর্থ) স্বাস্থ্য অধিদপ্তর) সভাকে জানান যে, হাসপাতালের ইউজার ফি নিয়মিত ব্যাংকে জমা হচ্ছে কিনা তা মনিটরিং করা প্রয়োজন। হাসপাতালের ইউজার ফি নিয়মিত ও যথাযথভাবে জমাদান নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।


৬। সভায় গৃহীত সিদ্ধান্তঃ

- (ক) স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন করা হয়;
- (খ) স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের প্রাক্কলন, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের ব্যয়সীমার প্রক্ষেপণ অনুমোদন করা হয়;
- (গ) বাজেটের বর্ণনামূলক অংশ বা এমবিএফ এ হালনাগাদ তথ্য সংযোজন, সম্ভাব্য আউট কাম এবং Impact প্রক্ষেপণপূর্বক যথাযথভাবে সন্নিবেশ করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ


(ড. মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/পরিকল্পনা কমিশন/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।